

# যশোর বোর্ডে ৭১ জনের ফলাফল পরিবর্তন

স্টাফ রিপোর্টার, যশোর

প্রকাশিত: ১৯:২৮, ১৪ নভেম্বর ২০২৪; আপডেট: ১৯:২৮, ১৪ নভেম্বর ২০২৪



যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষণে ৭১ জন পরীক্ষার্থীর ফলাফল পরিবর্তন হয়েছে। ফেল থেকে পাস করেছেন ৩২ জন। নতুন করে জিপিএ-৫ পেয়েছেন ১৭ জন। নতুন জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীরা পূর্বে এ গ্রেড, এ মাইনাস পেয়েছিলেন।

আজ বৃহস্পতিবার দুপুরে যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এ ফলাফল প্রকাশ করা হয়। এর আগে প্রকাশিত ফলাফলে আপত্তি ও প্রত্যাশা পূরণ না হওয়ায় ৬৬ হাজার শিক্ষার্থী উত্তরপত্র নতুন করে মূল্যায়নের জন্য আবেদন করে। এতে ৭১ জনের ফলাফল পরিবর্তন হয়েছে।

বোর্ডসূত্রে জানা গেছে, ১৫ অক্টোবর যে ফলাফল ঘোষণা করে সেটি মানতে পারেনি ৬৬ হাজার পরীক্ষার্থী। এ কারণে উত্তরপত্র পুনর্মূল্যায়নের জন্য বিপুল সংখ্যক পরীক্ষার্থী এই আবেদন করে। অর্ধেকেরও বেশি আবেদন পড়ে ইংরেজি বিষয়ে।

এ বিষয়ে যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মর্জিনা আক্তার বলেন, ‘পরীক্ষার উত্তরপত্রে নম্বর যোগফল গণনার কারণে পুনঃনিরীক্ষার রেজাল্ট পরিবর্তন আসে। এবার ৬৬ হাজার পরীক্ষার্থীর উত্তরপত্র নতুন করে পরীক্ষক নির্ধারণ করে মূল্যায়ন করা হয়। এতে ৭১ জনের ফল পরিবর্তন হয়েছে। যাদের ফল পরিবর্তন করা হয়েছে তাদের মধ্যে ৩২ জন প্রথম প্রকাশিত ফলাফলে ফেল করেছিল। তিনি আরও বলেন, অভিজ্ঞ

পরীক্ষক দিয়ে খাতা পুনঃনিরীক্ষা করা হয়েছে। যার মধ্যে কিছু খাতায় অনিচ্ছাকৃত বা গণনার কারণে ভুল হয়। নিয়ম অনুযায়ী যে প্রাপ্য ফলাফল সেটাই দেওয়া হয়েছে। আর খাতা দেখায় ভুল করা পরীক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।’

প্রসঙ্গত, এ বছর এইচএসসি পরীক্ষার ফলাফলে সারাদেশে আটটি সাধারণ বোর্ডের মধ্যে যশোর বোর্ডের অবস্থান সপ্তম। যশোর শিক্ষাবোর্ডে গড় পাশের হার ৬৪.২৯ শতাংশ। যশোর শিক্ষাবোর্ড থেকে এ বছর এক লাখ ২২ হাজার ৫১১ জন পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। এরমধ্যে পাস করেছে ৭৮ হাজার ৭৬৪ জন।